দৈনিক খবর

তারিখ 20 JUN 1992
পৃষ্ঠা 8 কলাম 7

1.8

# শিক্ষকদের পেশাগত সমস্যা সমাধানের সম্ভাব্য সবকিছু করা হবে
## —শিক্ষামন্ত্রী

বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে শিক্ষক সমাজের পেশাগত সমস্যা সমাধানের জন্যে সম্ভাব্য সব কিছু করবে। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার গত বৃহস্পতিবার তার অফিস কক্ষে জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন ও শিক্ষক সমিতি ঐক্য ফ্রন্টের কেন্দ্রীয় নেতৃবৃন্দের সাথে পৃথক বৈঠকে এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বিএনপি সরকার জাতীয় উন্নয়ন কর্মসূচীতে শিক্ষা খাতের উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। তিনি শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ প্রতিষ্ঠার জন্যে শিক্ষকদের সহযোগিতা কামনাকরেন।

বৈঠকে শিক্ষক নেতৃবৃন্দ মন্ত্রীকে তাদের বিভিন্ন দাবী ও সমস্যা সম্পর্কে অবহিত করেন। শিক্ষামন্ত্রী তাদের সমস্যা ধৈর্যসহ শুনেন এবং এসব সমস্যার সমাধানেরআশ্বাসদেন।

ঐক্য ফ্রন্টের নেতা অধ্যাপক এম শরিফুল ইসরামের নেতৃত্বে এ প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে অধ্যক্ষ রাজিয়া হোসাইন, অধ্যাপক মোজাফফর হোসাইন, জনাব এস এম আশরাফ আলী, জনাব সুরুজ্জামান, মিসেস দিলারা জামান, প্রফেসর খলিলুর রহমান, অধ্যাপক হারুন-অর-রশীদ পাঠান, জনাব এম এ আউয়াল, অধ্যক্ষ চৌধুরী সাহিদ হোসাইন ও অধ্যাপক সিদ্দিকুর রহমান উপস্থিত ছিলেন।

এর আগে বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতির সভাপতি কামাল আতাউর রহমানের নেতৃত্বে সমিতির একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীর সাথে তাদের ১২-দফা দাবীনামা নিয়ে বৈঠকে মিলিত হন। সমিতির মহাসচিব মিসেস মমতাজ বেগম, ইসমত আরা, জনাব মহিউদ্দিন, আঃ কাদের ও অধ্যাপিকা রাশিদা বেগম প্রতিনিধি দলে ছিলেন। তথ্য বিবরণী।